

ওরাকল ডিবিএ শিখুন

ORACLE DBA



(পূর্ব প্রকাশিতের পর : পর্ব-১২)

বিষয় : Hot Backup

বহুটা Hot Backup খুবই গুরুত্বপূর্ণ। অর্থাৎ কখনো Database Crash করলে কিংবা অসাবধানতাবশত ফাইল মুছে গেলে এই Hot Backup-এর মাধ্যমে Database পুনরায় চালু করা যাবে।

Step-1: এই Backup-এর পূর্বশর্ত হচ্ছে Database-এর archive mode অবশ্যই Started

ORACLE

mode-এ থাকতে হবে। এজন্য Command হচ্ছে-

SQL>Select archiver from v\$instance;

এবং SQL>alter rollback Segment RBSO Online;

Step 2: Backup শুরু করার জন্য Database চালু অবস্থায় Command দিতে হবে।

SQL>alter tablespace data_table begin backup;

Step 3: মূল Commandটি হচ্ছে -

SQL>host copy C:\tabledata\data\01.dbf
C:\tabledata\hotbackup

(কম্যান্ডটি Hot backup নেওয়ার জন্য ব্যবহার করা হয়।) অর্থাৎ Database চালু অবস্থায় Hotbackup folder-এ Data 01.dbf Copy করা হয়েছে এজন্য Database বন্ধ করার প্রয়োজন হয়নি।

Step-4 : Hotbackup শেষ করার জন্য যে Commandটি দিতে হবে সেটি হলো-

SQL>alter tablespace data_table end backup;
বহুটা কিছুদিন চলার পর কোনো কারণে Database Crash করলে এজন্য যে কাজগুলো করতে হবে সেটা হচ্ছে।

Step-5 : Hotbackup-এর Fileটি Copy করে Original database-এর Folder-এ রাখতে হবে। এজন্য যে Commandটি দিতে হবে-

SQL>recover database;

কিছুক্ষণ পর Auto Enter দিলে Data Recovery শুরু হবে।

Step-6 : সবশেষে যে Command দিয়ে শুরু করতে হবে-

SQL>alter database Open; অর্থাৎ Database পুনরায় Open হলো। এবং আপনার হারানো Database Hotbackup-এর মাধ্যমে পুনরায় ফিরে পাওয়ার Commandগুলো দেখে নিলাম। (সবের)